২২/৮২
০৯/১২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৭৭.৩৪.০০১.২১/৬৮৭(১৩) তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ।
০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তি, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (মূসক) এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অভ্যন্তরীণ নিরীক্ষা/অভিযানের মাধ্যমে উদঘাটিত রাজস্ব আদায়, বকেয়া, রিফান্ড ও মামলা নিষ্পত্তি কার্যক্রমের অগ্রগতি বিষয়ক আলোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তি, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা কর্তৃক পরিচালিত নিরীক্ষা/অভিযান এবং স্ব-স্ব কমিশনারেট কর্তৃক পরিচালিত নিরীক্ষা/অভিযান সূত্রে উদঘাটিত রাজস্ব আদায়, বকেয়া, রিফান্ড ও মামলা নিষ্পত্তি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার সভাপতিত্বে আগামী ২০/১২/২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল মূসক কমিশনার এবং মহাপরিচালক (মূসক নিরীক্ষা) ও সংশ্লিষ্ট যুগ্ম কমিশনার/অতিরিক্ত কমিশনার/যুগ্ম পরিচালক/অতিরিক্ত মহাপরিচালক কে প্রয়োজনীয় তথ্যাদিসহ তাঁদের স্ব-স্ব অফিসে Zoom Platform এর মাধ্যমে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zoom ID: 863 9394 8745
Password: 1971

০২। <u>সভার আলোচ্যসূচী:</u>

১) রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট আপত্তিসমূহ দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের অগ্রগতি;
২) যে যে Criteria এর ভিত্তিতে নিরীক্ষার জন্য প্রতিষ্ঠান নির্বাচন করা হয়;
৩) স্ব-স্ব দপ্তর কর্তৃক নিরীক্ষা আদেশের বিপরীতে সম্পন্নকৃত নিরীক্ষার হার বিষয়ে আলোচনা;
৪) মূসক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন সূত্রে প্রেরিত এবং স্ব-স্ব দপ্তর কর্তৃক সম্পন্নকৃত নিরীক্ষায় উদঘাটিত রাজস্ব আদায় কার্যক্রমের অগ্রগতি;
৫) স্ব-স্ব দপ্তর কর্তৃক অভিযান সূত্রে উদঘাটিত রাজস্ব আদায়ের অগ্রগতি;
৬) মূসক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদনের সূত্রে প্রাথমিক দাবীনামা/ চূড়ান্ত দাবীনামা জারির অগ্রগতি;
৭) যেসকল ক্ষেত্রে চূড়ান্ত দাবীনামা জারির পরেও রাজস্ব আদায় হয়নি, তার কারণ বিষয়ে আলোচনা;
৮) মূসক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদনে বর্ণিত উদঘাটিত রাজস্ব ফাঁকির তথ্যের ক্ষেত্রে কমিশনারগণের বক্তব্য (যদি থাকে);
৯) প্রাথমিক দাবীনামা অপেক্ষা চূড়ান্ত দাবীনামায় রাজস্ব হ্রাসের কারণসমূহ;
১০) আপিল কমিশনারেট, আপিলাত ট্রাইব্যুনাল ও মহামান্য হাইকোর্টে দায়েরকৃত মামলা নিষ্পত্তির অগ্রগতি;
১১) কমিশনারেটে দাবিকৃত রিফান্ড ও তার নিষ্পত্তি;
১২) নিরঙ্কুশ বকেয়া আদায়ের অগ্রগতি;
১৩) অন্যান্য।

Mr. Tomal, AP
Mr. Debrato, AP

০৯/১২/২০২১
(সুরাইয়া সুলতানা)
দ্বিতীয় সচিব (মূসক নিরীক্ষা)
ফোন: ৪৮৩১৮১০১-৮, এক্স- ৩৫৮

<u>প্রাপক :</u>

১। মহাপরিচালক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, (মূল্য সংযোজন কর), ঢাকা।
২-১৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/(দক্ষিণ)/(পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/ রাজশাহী/ সিলেট/ রংপুর/যশোর/খুলনা/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

১৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (Zoom সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৫-১৬। প্রথম সচিব (মূসক নিরীক্ষা)/ (মূসক বকেয়া ব্যবস্থাপনা ও বিরোধ নিষ্পত্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [তাঁকে সদস্য মহোদয়ের অফিস কক্ষে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো]

১৭-২০। দ্বিতীয় সচিব (মূসক গোয়েন্দা ও পরিদর্শন)/ (মূসক নিরীক্ষা)/ (মূসক বকেয়া ব্যবস্থাপনাও বিরোধ নিষ্পত্তি)/ (বিচার ও আপিল)/ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [তাঁকে সদস্য মহোদয়ের অফিস কক্ষে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো]।

২১। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[তাঁকে আনুমানিক ২০ (বিশ) জনের আপ্যায়ন ব্যবস্থা করার অনুরোধ জানানো হলো]।**

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পিএ টু সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।